

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৫/২০১৪

অভিযোগকারী : জনাব প্রদীপ শশী চাকমা

পিতা-সাধন মোহন চাকমা

গ্রাম-মনাটেক, ২৪৮ নং মুবাছড়ি মৌজা

উপজেলা-মহালছড়ি

জেলা-খাগড়াছড়ি পার্বত্য জেলা।

প্রতিপক্ষ : জনাব মোঃ আশিক ইমরান

ভারপ্রাপ্ত কর্মকর্তা- নার্সারী সুপার

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

মহালছড়ি, খাগড়াছড়ি।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব প্রদীপ শশী চাকমা ১১-০৩-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব মোঃ আকবর, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মহালছড়ি, খাগড়াছড়ি বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর নীতিমালা ও মাছের রয়েলিটি তালিকা পূর্ণ বিবরণসহ ফটোকপি।
- নিজ মালিকানা/সমিতির পুকুরে মাছ বিক্রয় করলে অনুমোদন নিতে হয় কিনা এবং বিক্রিত মাছের রয়েলিটি নেওয়ার বিধান আছে কিনা? পূর্ণ বিবরণসহ ফটোকপি।
- ব্যক্তি মালিকানা বা সমবায় সমিতির মৎস্য পুকুরে মাছ ধরার সময় বিএফডিসি কর্মচারী কর্তব্য পালন করতে গিয়ে খাওয়ার মাছ ও যাতায়াত খরচ নেওয়ার বিধান আছে কিনা? পূর্ণ বিবরণসহ ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৭-০৪-২০১৪ তারিখে জনাব মোঃ মাইনুল হাসান, আপীল কর্তৃপক্ষ, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মহালছড়ি, খাগড়াছড়ি বরাবরে রেজিস্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৮-০৫-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব প্রদীপ শশী চাকমা গরহাজির। কিন্তু প্রতিপক্ষ বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মহালছড়ি, খাগড়াছড়ি এর ভারপ্রাপ্ত কর্মকর্তা- নার্সারী সুপার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মোঃ আশিক ইমরান হাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী পূর্বের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর সময় কালীন তার নিকট তথ্য প্রাপ্তির আবেদন করেছিলেন। গতকাল সমন পেয়ে তিনি তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে অবগত হয়েছেন। অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করবেন মর্মে তিনি নিশ্চয়তা প্রদান করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহযোগ্য এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে অবগত ছিলেন না বিধায় যথাসময়ে তথ্য প্রদান করতে পারেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২৪-০৭-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মহালছড়ি, খাগড়াছড়ি এর ভারপ্রাপ্ত কর্মকর্তা-নার্সারী সুপার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)-কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত

(মোহাম্মদ ফারুক)

প্রধান তথ্য কমিশনার